১০৯

দৈনিক খবর

তারিখ 22 NOV 1992
পৃষ্ঠা ৮ কলাম ৩

৭৮

## শিক্ষক সমাবেশে উপাচার্য এমাজউদ্দীন

# আমার প্রশাসনে গোপনীয় কিছুই থাকবে না

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদ পারস্পরিক শ্রদ্ধার সাথে মিলেমিশে বিশ্ববিদ্যালয়ের সকল সমস্যা নিরসনে একযোগে কাজ করার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমাজের প্রতি আহবান জানিয়েছেন।

তিনি গতকাল শনিবার টিএসসি মিলনায়তনে উপাচার্যের দায়িত্ব প্রাপ্তির পর প্রথমবারের মত বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের উদ্দেশে এক ভাষণে উপরোক্ত আবেদন জানান।

উপাচার্য মহোদয় বলেন, সাড়ে সাতশ' একরের ওপর প্রতিষ্ঠিত এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমাজের ৬০ শতাংশ বিদেশী প্রশিক্ষণ নিয়ে এবং প্রায় ১২ শতাংশ শিক্ষক বিশ্ব মান বজায় রেখে যে সৃজনশীলতার পরিচয় দিয়েছেন তা দিয়ে এই বিশ্ববিদ্যালয়ের সকল সমস্যা নিরসন করা সম্ভব।

তিনি আরও বলেন, জাতীয় গর্ব ও গৌরবের এই শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানকে আরও উর্বর করতে পারলে আমরা জাতীয় সমস্যাও নিরসন করতে পারব বলে আমি বিশ্বাস করি।

রাজনীতি প্রসঙ্গে উপাচার্য বলেন, "আমরা এখানে সকলেই ভিন্নমতের অনুসারী হতে পারি কিন্তু একটি জায়গায় অর্থাৎ বিশ্ববিদ্যালয়ের স্বার্থে শিক্ষক সমাজ এক ও অভিন্ন ক্ষেত্রে অবস্থান করতে পারি।

১৯৭৩ সালের বিশ্ববিদ্যালয়ের আদেশ প্রসঙ্গে তিনি বলেন, এই পবিত্র আদেশের যদি কোন পরিবর্তনের প্রয়োজন হয় তা শুধু আপনারাই চিন্তা-ভাবনা করে ঠিক করবেন। এ প্রসঙ্গে তিনি আরও বলেন, তাঁর প্রশাসন সদা মুক্ত, অবাধ ও নিরপেক্ষ থাকবে এবং গোপনীয় কিছুই থাকবে না। তিনি এই বিরাট বিশ্ববিদ্যালয়ের পরিবারের সকলের জীবনকে আরও সুখী ও সমৃদ্ধ করার আশাবাদ ব্যক্ত করে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা নিয়ে বিশ্ববিদ্যালয়ের চলার পথ সুগম করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। -প্রেসবিজ্ঞপ্তি